অর্থঋন আদালত আইন ২০০৩ এর ৩৩ (১) ধারার বিধান মতে

"নিলাম বিজ্ঞপ্তি"

মোকাম-বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ।

ঋন ডিক্রীজারী মোকদ্দমা নং- ৯০/২০২৫

ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, গোদনাইল শাখা, থানা- সিদ্ধিরগঞ্জ, জেলা- নারায়ণগঞ্জ।

----------ডিক্রীদার।

-বনাম-

১। মেসার্স আনিস ডিপার্টমেন্টাল ষ্টোর, মালিক- মোসাঃ জুথি আক্তার, জাতীয় পরিচয় পত্র নং- ৩৭৪০১৫৪৬৬৫, স্বামী- মোঃ আনিছুর রহমান মোল্লা, সাং- এইচ ২১৪, ভূইয়াপাড়া, গোদনাইল, থানা- সিদ্ধিরগঞ্জ, জেলা- নারায়ণগঞ্জ।

২। মোসাঃ জুথি আক্তার, জাতীয় পরিচয় পত্র নং- ৩৭৪০১৫৪৬৬৫, স্বামী- মোঃ আনিছুর রহমান মোল্লা, সাং- এইচ ২১৪, ভূইয়াপাড়া, গোদনাইল, থানা- সিদ্ধিরগঞ্জ, জেলা- নারায়ণগঞ্জ, আবাসিক ঠিকানা- বাড়ী নং- ১৫৪, নলুয়া রোড, সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ, মোবাইল- ০১৭৪২৩২৬৯৩৯।

----------দাইকগন।

এতদ্বারা সর্ব সাধারনকে জানানো যাইতেছে যে, ডিক্রীদারের প্রাপ্য পাওনা ২৮২২৮২৭/ টাকা, ২৪/৫/২৫ ইং পর্যন্ত সুদ .....টাকা, অন্যান্য খরচ ২৯০৫৯৫৭/ টাকা, সর্বমোট ২৯০৫৮৭৪/ টাকা। এমতাবস্থায় নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদি আদায়ের নিমিত্তে অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ এর এজলাসে রক্ষিত নিলামের টেন্ডার বাক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ২৪/১১/২৫ ইংরেজী তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্তে সীলমোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

নিলামের শর্তাবলী

১) আগামী ২৪/১১/২৫ ইং তারিখে বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২) নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩) নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪) প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনুর্ধক্ষ হলে উহার ২০%, উদ্ধৃত দর অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ মোকাম-বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হইবে।

৫) দরদাতা অনুর্ধ্ব উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অপেক্ষা অধিক এবং অনুর্ধক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তা করতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬) দর দাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ১৫ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮) তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

HABIBUR RAHMAN
Senior Principal Officer (Manager)
Sonali Bank PLC
Godnail Branch, Narayanganj

CamScanner

৯) উপরে বর্ণিত ক্রমিক নং-৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩ (৩) অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করিবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপ-ধারা ২(খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তি গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১) দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।

১২) কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১৩) সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করিতে হইবে।

১৪) আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পণের ব্যবস্থা করা হইবে।

১৫) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

তপছিল-ক

জিলা- নারায়ণগঞ্জ, থানা- সিদ্ধিরগঞ্জ সাব রেজিষ্ট্রার অফিস নারায়ণগঞ্জ সদর জে.এল নং- সি.এস ২০১, এস.এ-১৮, আর.এস ০৮ নং মৌজা- গোদনাইল স্থিত ঃ-

খতিয়ান নং	দাগ নং	রকম	পরিমান
সি.এস-৪৪৮ এস.এ-৮৫৮ আর.এস-১২০২ নামজারী-১০৭২৫ জোত-১০৭২৪	সি.এস-১০৮৮ এস.এ-১০৮৮ আর.এস-১৩৫১	বাড়ী	৪.০০ শতাংশ মাত্র।

তপছিল-খ

জিলা- নারায়ণগঞ্জ, থানা- সিদ্ধিরগঞ্জ সাব রেজিষ্ট্রার অফিস নারায়ণগঞ্জ সদর জে.এল নং- সি.এস ২০৪, এস.এ-১৮, আর.এস ০৮ নং মৌজা- গোদনাইল স্থিত ঃ-

খতিয়ান নং	দাগ নং	রকম	পরিমান
সি.এস-২৬০ এস.এ-৫১৪ আর.এস-১২০১, ১২০২ নামজারী-১১৫৬৫ জোত-১১৫৬৪	সি.এস-৭৯৬ এস.এ-৭৯৬ আর.এস-২০৯৩ ও ২০৯৪	নাল	২.৭৫ শতাংশ মাত্র।

আদেশক্রমে

সেরেস্তাদার
বিজ্ঞ যুগ্ম জেলা জজ
অর্থঋন আদালত, নারায়ণগঞ্জ।

HABIBUR RAHMAN
Senior Principal Officer (Manager)
Sonali Bank PLC
Godnail Branch, Narayanganj

CamScanner